

পিতামাতা, যত্নদানকারী এবং শিক্ষার্থীদের জন্য তথ্যপাতা

স্কুলে কোনও নিষিদ্ধ ছুরি আনা যাবে না

NSW-এ অস্ট্রেলিয়ায় সবচেয়ে কঠিন ছুরি বিষয়ক আইন রয়েছে। শিক্ষার্থীদের জন্য সাধারণ এলাকায় বা স্কুলে নিষিদ্ধ ছুরি সাথে রাখা আইন বিরুদ্ধ। ন্যূনতম শাস্তি ৪,৪০০ ডলার জরিমানা, ৪ বছরের জেল বা উভয় দণ্ড। সর্বোচ্চ জরিমানা ১১ হাজার ডলার।

কোনও পরিস্থিতিতেই স্কুলে কোনও নিষিদ্ধ ছুরি অনুমোদিত নয়

যেহেতু স্কুল নীতি সমস্ত শিক্ষার্থীদের নিরাপদ রাখার জন্য তৈরি করা হয়েছে, তাই স্কুলে কোনও ধরণের ছুরির অনুমতি নেই, যার মধ্যে রয়েছে ফ্লিক ছুরি, শিখ ছুরি, পুশ ড্যাগার, ট্রেঞ্চ ছুরি, বাটারফ্লাই ছুরি, স্টার ছুরি বা অস্ত্র হিসাবে ব্যবহার করা যেতে পারে এমন কোনও সরঞ্জাম (যেমন ছেনি)।

যদি কোনও শিক্ষার্থীকে স্কুলে ছুরি রাখা বা বহন করতে দেখা যায় তবে অধ্যক্ষ পুলিশকে ফোন করতে পারেন। এছাড়াও শিক্ষার্থীকে অবিলম্বে স্কুল থেকে বহিস্কার বা বরখাস্ত করা হতে পারে।

ছুরি রাখা বলতে বুঝায় যদি একজন শিক্ষার্থীর ব্যাগ বা লকারে এটি থাকে, এমনকি যদি তারা এটি ব্যবহার নাও করে বা এটি দিয়ে কাউকে হুমকি না দেয়। আত্মরক্ষার জন্য ছুরি থাকাও অবৈধ। কল্যাণ বা নিরাপত্তা বিষয়ক যে কোনও উদ্বেগ অধ্যক্ষের কাছে জানানো উচিত।

পিতামাতা এবং যত্নদানকারীদের পরামর্শ দেওয়া হচ্ছে তারা যেন লাঞ্চবক্সে মাখন ছুরি বা ফলের ছুরি না দেন, অথবা কারুশিল্পের উদ্দেশ্যে ছুরির সরঞ্জাম না পাঠান। ছুরি ব্যবহারের প্রয়োজনীয় পাঠগুলোতে, উদাহরণস্বরূপ রান্না বা বাগিচা, ছাত্রছাত্রীদের শিক্ষক সরঞ্জামগুলো সরবরাহ এবং ব্যবহার তদারকি করবেন।

প্রতিটি শিশুর স্কুলে নিরাপদ এবং সুরক্ষিত বোধ করার অধিকার রয়েছে। একটি শিশুর স্কুলে কখনই ছুরি রাখার কোনও উপযুক্ত কারণ নেই।

উঁচু ক্লাশের কিছু বিষয় আছে, যেমন হসপিটালিটি, যেখানে শিক্ষার্থীদের তাদের নিজস্ব ছুরি থাকার প্রয়োজন হতে পারে। স্কুল পিতামাতা, যত্নদানকারী এবং শিক্ষার্থীদের এই কোর্সগুলো সম্পর্কে এবং স্কুলে আইনত ছুরি বহনের পদ্ধতি সম্পর্কে পরামর্শ দেবে।

কঠোর শাস্তি প্রযোজ্য

আইন পিতামাতা এবং যত্নদানকারীদের দায়ী করে। পিতামাতা এবং যত্নদানকারীদের নিশ্চিত করতে হবে যে তাদের সন্তান স্কুলের নিয়ম এবং ছুরি সম্পর্কে রাষ্ট্রীয় আইন সম্পর্কে সচেতন।

পিতামাতা এবং যত্নদানকারীদের এই আইনগুলো সম্পর্কে সচেতন হওয়া দরকার, কারণ তারা যদি তাদের সন্তানকে ছুরি বহন করতে দেয় তবে তাদেরকেও অভিযুক্ত করা হতে পারে।

পুলিশ ছুরি থাকার সন্দেহে যে কোনও তরুণকে তল্লাশি করতে পারে এবং তল্লাশি করার সময় তারা যে কোনও বিপজ্জনক বস্তু বাজেয়াপ্ত করতে পারে। তরুণদের অবশ্যই এই জাতীয় পুলিশ তল্লাশি মেনে চলতে হবে, অন্যথায় তাদের গ্রেপ্তার করা এবং অভিযুক্ত করা হতে পারে।

ছুরি নিয়ে আক্রমণ বা হুমকির জন্য খুব কঠিন শাস্তি রয়েছে, উদাহরণস্বরূপ, যদি কোনও শিক্ষার্থী লড়াই করে এবং কাউকে ছুরি দিয়ে আহত করে।

যদি কোনও শিক্ষার্থী অন্য তরুণদের সাথে এই ধরণের অপরাধ করে তবে শাস্তি আরও কঠিন হতে পারে। কিছু ক্ষেত্রে, জেলের মেয়াদ ১৪ থেকে ২৫ বছরের জন্য হতে পারে।

যে কারো জন্য ১৬ বছরের কম বয়সী কারও কাছে ছুরি বিক্রি করাও অবৈধ।



অব্যাহতি

এমন পরিস্থিতি হতে পারে যখন ছুরি বহন করার প্রয়োজন হয় এবং একজন ব্যক্তির ছুরি রাখার জন্য একটি 'যুক্তিসঙ্গত কারণ' থাকে।

একটি 'যুক্তিসঙ্গত কারণ' এর অন্তর্ভুক্ত, কিন্তু সীমাবদ্ধ নয়, নিম্নলিখিত কারণে ছুরি 'যুক্তিসঙ্গতভাবে প্রয়োজনীয়' হতে পারে:

- বৈধ কারণে পেশা, শিক্ষা বা প্রশিক্ষণের জন্য
- বৈধভাবে বিনোদন, মনোরঞ্জন বা খেলাধুলায় অংশগ্রহণের উদ্দেশ্য
- প্রকৃত ধর্মীয় উদ্দেশ্য, বা
- উপরের যে কোনও একটিতে যাওয়া বা আসার উদ্দেশ্য।

টেলিফোন দোভাষী সেবাব্যবস্থা

আপনি যদি আরও তথ্য চান তবে অনুগ্রহ করে স্কুলের অধ্যক্ষকে কল করুন। আপনার অনুসন্ধানে সহায়তা করার জন্য যদি আপনার কোনও দোভাষীর প্রয়োজন হয় তবে অনুগ্রহ করে 131 450 নম্বরে টেলিফোন দোভাষী পরিষেবায় কল করুন এবং আপনার ভাষায় একজন দোভাষী চান।

আপনি যে ফোন নম্বরে কল করতে চান অপারেটরকে তা বলুন এবং অপারেটর আপনাকে কথোপকথনে সহায়তা করার জন্য লাইনে একজন দোভাষীর ব্যবস্থা করবেন। এই পরিষেবার জন্য আপনাকে কোন মূল্য দিতে হবে না।